

এমপিওভুক্ত শিক্ষকদের জন্য বড় সুখবর, বাড়ছে ভাড়া-ভাতা

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

এমপিওভুক্ত শিক্ষকদের বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা দ্বিগুণ হচ্ছে।

আজ বুধবার শিক্ষা উপদেষ্টার সঙ্গে বৈঠকে বিষয়টি নিয়ে
আলোচনা হয়েছে। মন্ত্রণালয় থেকে জানিয়েছে, বাড়িভাড়া ও
চিকিৎসা ভাতা বৃদ্ধি করে একটি প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে পাঠানো
হয়েছে।

সভা সূত্রে জানা গেছে, শিক্ষকদের বাড়িভাড়া বাবদ ভাতা ১

হাজার টাকা বাড়িয়ে ২ হাজার ও চিকিৎসা ভাতা ৫০০ টাকা
বাড়িয়ে ১ হাজার টাকা করার প্রস্তাবনা অর্থ মন্ত্রণালয়ে পাঠানো
হয়েছে।

শিক্ষা উপদেষ্টার সঙ্গে শিক্ষক প্রতিনিধিদলের বৈঠক সূত্রে জানা
গেছে, মন্ত্রী ও সংশ্লিষ্ট সর্বার সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে সর্বজনীন বদলি
বিষয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি বাড়িভাড়ার ইস্যুর বিষয়টিও

আছে। এটা কিভাবে বাড়ানো যায়, সে বিষয়ে শিক্ষকদের কাছ
থেকে প্রস্তাবনা চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়, যা আলোচনা করে
শিক্ষকরা মন্ত্রণালয়ে দেবেন। অন্যদিকে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ
থেকেও আশ্বাস দেওয়া হয়েছে, বাড়িভাড়ার টাকা বৃদ্ধিসহ অন্য
বিষয়গুলো কিভাবে সমাধান করা যায়, তা নিয়ে আলোচনা করা
হবে।

৫



জাতীয়করণে শিক্ষকদের আলটিমেটাম, ১৫ সেপ্টেম্বর
থেকে নতুন কর্মসূচি

এদিকে জাতীয়করণের দাবিতে আন্দোলনরত শিক্ষকরা দাবি
আদায়ে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত সময় বেঁধে দিয়েছে সরকারকে। এর
মধ্যে দাবি না মানলে আগামী ১৫ সেপ্টেম্বর সারা দেশের সব
শিক্ষাপ্রতিষ্ঠানে পূর্ণদিবস কর্মবিরতির হৃষকিও দিয়েছেন তারা।
আজ বুধবার শিক্ষা উপদেষ্টার সঙ্গে বৈঠক শেষে এই ঘোষণা দেন
শিক্ষক প্রতিনিধিরা।

জাতীয়করণপ্রত্যাশী জোটের সদস্যসচিব অধ্যক্ষ দেলোয়ার
হোসেন আজীজী জানান, তাদের দাবি যৌক্তিক।

যা আদায়ে ৩০ দিনের সময় দেওয়া হয়েছে। এর মধ্যে দাবি মানা
না হলে সর্বাত্মক আন্দোলনে যাবেন তারা। এ সময় ১৫ সেপ্টেম্বর

এমপিওভুক্ত দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে পূর্ণাঙ্গ কর্মবিরতির

হঁশিয়ারি দেন তিনি।